দৈনিক জনকণ্ঠ

তারিখ 29 MAR 1998
পৃষ্ঠা ১০ কলাম ৪

# ৫ লাখ শিশু স্কুলে যায় না যে জনপদে

রাজু মোস্তাফিজ

উত্তরাঞ্চলের ১৬ জেলায় ২ হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা কর্মসূচী বাস্তবায়িত না হবার আশঙ্কা দেখা দিয়েছে। এখনও এই জনপদে ৬ থেকে ১০ বছর বয়সী প্রায় ৬ লাখ শিশুকে স্কুলে নিয়ে যাওয়া সম্ভব হয়নি। ঐ সব শিশু রিক্সা চালানো, হোটেল-রেস্তরাঁ, বাসাবাড়ি এবং শহর ও গ্রামাঞ্চলে বিভিন্ন পেশায় জড়িয়ে আছে।

উত্তর জনপদে প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার মতো ছেলেমেয়ে আছে ৫০ লাখ ৫৮ হাজর ১৯ জন। এর মধ্যে বিদ্যালয়ে যায় ৪৫ লাখ ২৬ হাজার ২শ'র কিছু বেশি। বিদ্যালয়ে না যাওয়ার সংখ্যা ৫ লাখ ৩১ হাজার ৮৩ জন।

কুড়িগ্রাম জেলার প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার মতো শিশুর সংখ্যা ৩ লাখ ৪০ হাজার ৭শ' ৯১ জন। বিদ্যালয়ে যায় ৩ লাখ ৪৮ জন, আর যায় না ৪০ হাজার। রংপুরে প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার মতো ছেলেমেয়ের সংখ্যা ৪ লাখ ৪ হাজার ৪শ' ৯৪ জন, যায় না ৪৩ হাজার ৫১ জন। গাইবান্ধা জেলায় ছেলেমেয়ের সংখ্যা ৩ লাখ ৭৬ হাজার ৬শ' ৫৬ জন। বিদ্যালয়ে যায় ৩ লাখ ২৭ হাজার ৩শ' ২৯ জন, যায় না ৪৯ হাজার। নীলফামারীতে স্কুলগামী ছেলেমেয়ের সংখ্যা ২ লাখ ৭০ হাজার ৬শ' ৫৭ জন। বিদ্যালয়ে যায় ২ লাখ ৪১ হাজার, আর যায় না প্রায় ৩০ হাজার। লালমনিরহাট জেলায় স্কুলে যাওয়ার মতো ছেলেমেয়ের সংখ্যা ১ লাখ ৯০ হাজার ৪শ' ২৭ জন। বিদ্যালয়ে যায় ১ লাখ ৬৬ হাজার, যায় না ২৪ হাজার।

দিনাজপুর জেলার প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার মতো ছেলেমেয়ের সংখ্যা ৪ লাখ ১৩ হাজার ৬শ' ১৫ জন। প্রাথমিক বিদ্যালয়ে যায় ৩ লাখ ৭৭ হাজার ৬শ' ৮ জন, বিদ্যালয়ে যায় না ৩৬ হাজারের বেশি। ঠাকুরগাঁওয়ে স্কুলভর্তি ছেলেমেয়ের সংখ্যা ১ লাখ ৯৮ হাজার ৫শ' ৮৩ জন, স্কুলে যায় ১ লাখ ৯৪ হাজার ৩ শ' ৫২ জন, আর লেখাপড়া করে না ৪ হাজার ২শ' ৩১ জন। পঞ্চগড় জেলায় এদের সংখ্যা ১ লাখ ৪৭ হাজার ৩শ' ১৪ জন। স্কুলে যায় ১ লাখ ৪৪ হাজার ৬শ', যায় না প্রায় ৩ হাজার।

রাজশাহী জেলায় ৬ থেকে ১০ বছরের প্রাথমিক বিদ্যালয়ে যাওয়ার মতো ছেলেমেয়ের সংখ্যা ৩ লাখ ৫০ হাজার ৭শ' ২৭ জন। স্কুলে যায় ৩ লাখ ২১ হাজার ২শ', আর যায় না ২৯ হাজার। নাটোর জেলায় এদের সংখ্যা ২ লাখ ৩৫ হাজার ৫শ' ৪১ জন, স্কুলে যায় ২ লাখ ১০ হাজার, আর যায় না ২৫ হাজার। চাঁপাইনবাবগঞ্জ জেলায় ছেলেমেয়ের সংখ্যা ২ লাখ ২৫ হাজার ২শ' ৬১ জন, স্কুলে যায় না ১ লাখ ৯৫ হাজার, বিভিন্ন পেশায় জড়িত ২৯ হাজার।

বগুড়া জেলায় স্কুলগামী ছাত্রের সংখ্যা ৪ লাখ ৭৬ হাজার ৯শ' ১৪। বিদ্যালয়ে যায় ৪ লাখ ৪৫ হাজার ১০ জন, যায় না ৩১ হাজার ৮শ' জন। নওগাঁ জেলায় বিদ্যালয়ে যাওয়ার মতো ছাত্রের সংখ্যা ৩ লাখ ৮১ হাজার ২শ' জন, বিদ্যালয়ে যায় ৩ লাখ ৩১ হাজার, যায় না ৫০ হাজার। জয়পুরহাটে পড়াশোনা করার মতো ছাত্রছাত্রীর সংখ্যা ১ লাখ ২৪ হাজার ৩শ' ৫ জন, স্কুলে যায় ১ লাখ ১৭ হাজার ৪শ' ৯ জন, বিদ্যালয়ে যায় না ৬ হাজার ৮শ' জন।